# বাংলাদেশ কৃষি ব্যাংক
মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

গণমানুষের ব্যাংক
ইমেইল:
dcamlco@krishibank.org.bd
ফোন: ২২৩৩৩৮৪৪৮৬


নং-প্রকা/এএমএল-আরএমডি-৫(ITP)/২০২৩-২৪/ ৪৪৯১

তারিখ ঃ ৩০/০৫/২০২৪

০১। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়

০২। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক , সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়

০৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও

০৪। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকগণ
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ শাখার AML/CFT বিষয়ক Independent Testing Procedures (ITP) প্রতিবেদনে শাখার রেটিং শক্তিশালীকরণ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বিগত ১৪-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত পর্ষদ অডিট কমিটির ৭৮ তম সভায় বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখাসমূহের ডিসেম্বর-২০২৩ ভিত্তিক মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম মূল্যায়ন করা হয়। এক্ষেত্রে, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক প্রণীত Independent Testing Procedure (ITP) ও শাখার Self Assesment রিপোর্ট পর্যালোচনা করা হয়।

০২। পর্যালোচনার আলোকে, ডিসেম্বর-২০২৩ ভিত্তিক ITP প্রতিবেদনে 'সন্তোষজনক' রেটিং প্রাপ্ত নিম্নবর্ণিত শাখাসমূহের AML-CFT বিষয়ক রেটিং জুন-২০২৪ ভিত্তিতে শক্তিশালী পর্যায়ে উন্নীত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

| বিভাগীয় কার্যালয়ের নাম | ক্রঃ নং | শাখার নাম | প্রাপ্ত স্কোর | রেটিং |
|---|---|---|---|---|
| ঢাকা | ১ | জুরাইন শাখা, ঢাকা | ৭৬ | সন্তোষজনক |
| | ২ | শ্যামলী শাখা, ঢাকা | ৭৫ | সন্তোষজনক |
| | ৩ | খামার বাড়ী শাখা, ঢাকা | ৭৫ | সন্তোষজনক |
| | ৪ | শনির আখড়া শাখা, ঢাকা | ৭২ | সন্তোষজনক |
| ময়মনসিংহ | ১ | ভৈরব বাজার শাখা, কিশোরগঞ্জ | ৮০ | সন্তোষজনক |
| | ২ | আদর্শনগর শাখা, নেত্রকোনা | ৮৩ | সন্তোষজনক |
| | ৩ | আটপাড়া শাখা, নেত্রকোনা | ৮৩ | সন্তোষজনক |
| চট্টগ্রাম | ১ | চট্টগ্রাম কর্পো শাখা, চট্টগ্রাম | ৭২ | সন্তোষজনক |
| | ২ | চাতরী শাখা, পটিয়া | ৭৯ | সন্তোষজনক |
| | ৩ | গোরকঘাটা শাখা, কক্সবাজার | ৭৯ | সন্তোষজনক |
| কুমিল্লা | ১ | দাউদকান্দি শাখা, কুমিল্লা | ৮৮ | সন্তোষজনক |
| | ২ | পুলিশলাইন শাখা, কুমিল্লা | ৮৩ | সন্তোষজনক |
| | ৩ | চৌদ্দগ্রাম শাখা, লাকসাম | ৮৫ | সন্তোষজনক |
| সিলেট | ১ | গোলাপগঞ্জ শাখা, সিলেট | ৭৪ | সন্তোষজনক |
| | ২ | পাহাড়পুর শাখা, হবিগঞ্জ | ৮২ | সন্তোষজনক |
| | ৩ | সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ | ৭৬ | সন্তোষজনক |
| খুলনা | ১ | নিউমার্কেট শাখা, খুলনা | ৮৫ | সন্তোষজনক |
| | ২ | কেডিএ বাস টার্মিনাল শাখা, খুলনা | ৮৪ | সন্তোষজনক |
| | ৩ | শ্যামনগর শাখা, সাতক্ষীরা | ৭২ | সন্তোষজনক |
| | ৪ | নড়াইল শাখা, নড়াইল | ৮৪ | সন্তোষজনক |
| কুষ্টিয়া | ১ | বড়বাজার শাখা, কুষ্টিয়া | ৮৩ | সন্তোষজনক |
| | ২ | উজলপুর শাখা, মেহেরপুর | ৭১ | সন্তোষজনক |
| | ৩ | বারখাদা শাখা, কুষ্টিয়া | ৮০ | সন্তোষজনক |
| বরিশাল | ১ | পিরোজপুর শাখা, পিরোজপুর | ৮০ | সন্তোষজনক |
| | ২ | বরিশাল শাখা, বরিশাল | ৭৬ | সন্তোষজনক |
| | ৩ | আমুয়া শাখা, ঝালকাঠী | ৭৪ | সন্তোষজনক |
| ফরিদপুর | ১ | তাঁতীকান্দা শাখা, মাদারীপুর | ৮৩ | সন্তোষজনক |
| | ২ | কালকিনি শাখা, মাদারীপুর | ৮১ | সন্তোষজনক |
| | ৩ | গোসাইরহাট শাখা, শরীয়তপুর | ৭২ | সন্তোষজনক |
| | ৪ | খাসেরহাট শাখা, শরীয়তপুর | ৮১ | সন্তোষজনক |

ইতোপূর্বে AML-CFT বিষয়ক কার্যক্রম মূল্যায়নে প্রণীত ITP রিপোর্ট পর্যালোচনায় নিম্নবর্ণিত অসঙ্গতিসমূহ পরিলক্ষিত হয়। চিহ্নিত অসঙ্গতিসমূহ নিরসনে তৎসংশ্লিষ্ট মন্তব্যের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

| ক্র নং | অসঙ্গতিসমূহ | মন্তব্য |
|---|---|---|
| ০১. | যথাযথভাবে মার্কিং না করা এবং মন্তব্য না থাকা। | Independent Testing Procedures (ITP) রিপোর্ট পর্যালোচনায় দেখা যায়, শাখার AML/CFT কার্যক্রম মূল্যায়নে প্রাপ্ত নম্বর যথাযথ হিসাবে প্রতীয়মান হয় না। প্রযোজ্য ক্ষেত্রে মন্তব্য কলামে কোন কারণ উল্লেখ থাকে না। এছাড়া, অপরিপালিত বিষয়ের উপর সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা প্রদান করা হয়না। |
| ০২. | সার্বিক মূল্যায়নে Non-AD শাখাকে AD শাখার জন্য নির্ধারিত ৫ নম্বর মার্কিং করা। | বৈদেশিক বাণিজ্যের AML-CFT বিষয়ক মূল্যায়ন Non-AD শাখার জন্য প্রযোজ্য নয়। এক্ষেত্রে, সংশ্লিষ্ট শাখাকে মোট ৯৫ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করে তা ১০০ নম্বরে রূপান্তরপূর্বক চূড়ান্ত মূল্যায়ন করতে হবে। |
| ০৩. | শাখায় PEPs/IP মূল্যায়নে অসঙ্গতি। | শাখায় PEPs/IP হিসাব রক্ষিত হলে কিংবা না হলে সে মোতাবেক সংরক্ষিত ডকুমেন্টের ভিত্তিতে Marking করতে হবে। |
| ০৪. | i) শাখার STR/SAR মনিটরিং ও পর্যালোচনা পদ্ধতি।<br>ii) শাখার Structuring মনিটরিং ও পর্যালোচনা পদ্ধতি। | STR/SAR পর্যালোচনায় Manual ও Online দু'ধরণের পদ্ধতি প্রচলিত। Manual পদ্ধতির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা সম্ভাব্য ঝুঁকিপূর্ণ হিসাবসমূহের লেনদেন সরাসরি পর্যালোচনা করবেন। এক্ষেত্রে যদি Structuring এর কোন প্রমাণ পাওয়া যায় তবে উক্ত হিসাবের বিপরীতে STR করতে হবে। এছাড়া, ব্যাংক হিসাবধারী বা সম্ভাব্য হিসাবধারীর কোন আচরণ সন্দেহজনক প্রতীয়মান হলে উক্ত ব্যক্তির নামে SAR দাখিল করতে হবে। উক্ত পর্যালোচনাকৃত হিসাবসমূহের তালিকা একটি রেজিস্টারে লিপিবদ্ধ থাকতে হবে এবং সে অনুযায়ী শাখাকে মূল্যায়ন করতে হবে। উল্লেখ্য হিসাবের লেনদেন বিবরণী পর্যালোচনার জন্য Online পদ্ধতি এখনও ব্যাংকে প্রচলিত হয়নি। |
| ০৫. | শাখায় উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহক সংক্রান্ত দলিলাদি (EDD)মূল্যায়নে অসঙ্গতি। | শাখায় উচ্চ ঝুঁকি সম্পন্ন হিসাব রক্ষিত হলে কিংবা না হলে সে মোতাবেক সংরক্ষিত ডকুমেন্টের ভিত্তিতে Marking করতে হবে। |
| ০৬. | FALSE POSITIVE, UNSecurity Council Resolution এর তালিকা সংরক্ষণ সংক্রান্ত মূল্যায়নে অসঙ্গতি। | শাখায় FALSE POSITIVE সংক্রান্ত কোন তথ্য থাকলে কিংবা না থাকলে সে মোতাবেক সংরক্ষিত ডকুমেন্টের ভিত্তিতে Marking করতে হবে। এছাড়া, UN Security Council Resolution, দেশীয় সন্ত্রাসী তালিকা বর্তমানে CBS এর মাধ্যমে automatic screening হয়। এক্ষেত্রে, শাখায় উক্ত তালিকাসমূহ সংরক্ষণের ভিত্তিতে শাখাকে মূল্যায়ন করতে হবে। |
| ০৭ | Credit Card সংক্রান্ত মূল্যায়নে অসঙ্গতি। | Credit Card এখনও ব্যাংকে প্রচলিত হয়নি। এক্ষেত্রে, সংশ্লিষ্ট শাখাকে Credit Card সংক্রান্ত কলামের নির্ধারিত নম্বর বাদে মূল্যায়ন করে তা ১০০ নম্বরে রূপান্তরপূর্বক চূড়ান্ত মূল্যায়ন করতে হবে। তবে ব্যাংকে Credit Card এর প্রচলন হলে প্রকৃত অবস্থার ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। |
| ০৮ | বিএফআইইউ কর্তৃক সরবরাহকৃতITP Format পরিবর্তন করা। | বিএফআইইউ সার্কুলার-২৬, তারিখ ১৬-০৬-২০২০ এর পরিশিষ্ট "গ" এ উল্লেখিত নির্দেশনা মোতাবেক ITP Format/Marking কোন অবস্থায় পরিবর্তন করা যাবে না। |

০৩। উল্লেখ্য, জুন-২০২৪ ভিত্তিক AML-CFT কার্যক্রম মূল্যায়নে উল্লিখিত বিষয়সমূহের পাশাপাশি সংশ্লিষ্ট অন্যান্য ক্ষেত্রসমূহকে যৌক্তিকভাবে বিবেচনায় নিতে হবে।

০৪। এমতাবস্থায়, নির্ধারিত শাখাসমূহের জুন-২০২৪ ভিত্তিক AML-CFT বিষয়ক ITP রেটিং শক্তিশালী পর্যায়ে উন্নীতকরণে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

30/07/2024

(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক ও DCAMLCO

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন) ও CAMLCO মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বিকেবি।
০৫। উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।